**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

# স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা স্থাপন, স্বীকৃতি, পরিচালনা, জনবল কাঠামো এবং বেতন-ভাতাদি/অনুদান সংক্রান্ত নীতিমালা-২০১৮

(১৮ নভেম্বর, ২০১৮ সালে প্রণীত)

# স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা স্থাপন, স্বীকৃতি, পরিচালনা, জনবল কাঠামো এবং বেতন-ভাতাদি/অনুদান সংক্রান্ত নীতিমালা- ২০১৮

১. **এবতেদায়ী মাদ্রাসা স্থাপন বিষয়ক নীতিমালা: মাদ্রাসা শিক্ষা ধারার স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা স্থাপন, স্বীকৃতি, পরিচালনা, জনবল কাঠামো, বেতন-ভাতাদি/অনুদান এবং এতদসংক্রান্ত পদ্ধতি যুগোপযোগীকরণের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হলো:**

২. **শিরোনাম** : এ নীতিমালা "স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা স্থাপন, স্বীকৃতি, পরিচালনা, জনবল কাঠামো এবং বেতন-ভাতাদি/অনুদান সংক্রান্ত নীতিমালা- ২০১৮" নামে অভিহিত হবে।

৩. **নীতিমালার প্রয়োগ:** এ নীতিমালা দেশের অভ্যন্তরে অবস্থিত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের জন্য প্রযোজ্য হবে।

৪. **স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা স্থাপনের আবেদন:** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে নির্ধারিত ফি পরিশোধ করে মাদ্রাসার নামে রেজিস্ট্রিকৃত জমির দলিলের সত্যায়িত কপি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে।

৫. **নিকটতম মাদ্রাসার দূরত্ব:**

পূর্বে স্থাপিত একটি এবতেদায়ী মাদ্রাসা হতে নতুন মাদ্রাসার দূরত্ব হবে:
মহানগর এলাকায় ১ কিলোমিটার
শহর/পৌর এলাকায় ১.৫ কিলোমিটার
মফস্বল এলাকায় ২ কিলোমিটার

৬. **জমির পরিমাণ:**

ক. মাদ্রাসার নামে নূন্যতম অখন্ড জমির পরিমান:

| | |
|---|---|
| মফস্বল এলাকায় | ০.৩৩ একর। |
| শহর/পৌর এলাকায় | ০.২০ একর। |
| মহানগর এলাকায় | ০.১০ একর। |

খ. মাদ্রাসার নামে রেজিস্ট্রিকৃত জমির নামজারি ও ভূমি উন্নয়ন কর পরিশোধের হাল নাগাদ দাখিলা থাকতে হবে।

৭. **শিক্ষার্থীর সংখ্যা:**

ক. মহানগর/পৌর/শহর এলাকা- নূন্যতম ২০০ জন (প্রতি শ্রেণিতে নূন্যতম ২০ জন)
খ. মফস্বল এলাকা- নূন্যতম ১৫০ জন (প্রতি শ্রেণিতে নূন্যতম ১৫ জন)
গ. দুর্গম ও বিচ্ছিন্ন এলাকার জন্য শিথিলযোগ্য
ঘ. এবতেদায়ী সমাপনী পরীক্ষায় প্রতিবছর মহানগর/পৌর/শহর এলাকায় নূন্যতম ২০ জন, গ্রাম এলাকায় নূন্যতম ১৫ জন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মহানগর/পৌর/শহর এলাকায় নূন্যতম ১৫ জন ও মফস্বল এলাকায় নূন্যতম ১০ জন পরীক্ষার্থীকে পাশ করতে হবে (দুর্গম ও বিচ্ছিন্ন এলাকার জন্য শিথিলযোগ্য)।

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

মোঃ আঃ খালেক মিঞা
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কবির আল্ আসাদ
উপসচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

মোঃ এনামুল হক
যুগ্মসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

রওনক মাহমুদ
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**৮. মাদ্রাসার ভবন/গৃহ:**

ক. মাদ্রাসার নামে রেজিষ্ট্রিকৃত জমির উপর নির্মিত নূন্যতম টিনের বেড়াসহ টিনসেট গৃহ থাকতে হবে।
খ. মহানগর/পৌর/শহর এলাকা-নূন্যতম ২০০০ বর্গফুট এবং মফস্বল এলাকা-নূন্যতম ১৫০০ বর্গফুট আয়তন বিশিষ্ট শ্রেণী কক্ষ এবং শিক্ষকদের জন্য নূন্যতম ১৫০বর্গফুট আয়তনের কক্ষ থাকতে হবে।
গ. শিক্ষকদের বসার জন্য নূন্যতম ১ টি কক্ষ এবং ছাত্র/ছাত্রীদের জন্য কমপক্ষে ৫টি শ্রেণি কক্ষ থাকতে হবে।
ঘ. শিক্ষার্থী অনুপাতে পর্যাপ্ত সিট/বেঞ্চ/ হাই বেঞ্চ থাকতে হবে।
ঙ. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক মান সম্পন্ন টয়লেট/শৌচাগার, বিশুদ্ধ পানির ব্যবস্থা থাকতে হবে।
চ. বিদ্যুৎ সুবিধা প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে বিদ্যুৎ সংযোগের আওতায় আনতে হবে।
ছ. ছাত্র ও ছাত্রীদের জন্য পর্যাপ্ত খেলার মাঠ থাকতে হবে।
জ. শিক্ষার সহজ মাধ্যম হিসেবে পাঠাগার থাকতে হবে।
ঝ. প্রতিবন্ধীদের প্রবেশগম্যতা নিশ্চিত করতে হবে।

**৯. জনবল কাঠামো ও শিক্ষাগত যোগ্যতা:**

ক. এবতেদায়ী প্রধান ১ জন, গ্রেড-১১, শিক্ষাগত যোগ্যতা-ফাযিল পাস/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রী।
খ. সহকারি শিক্ষক ২ জন, গ্রেড-১৬, শিক্ষাগত যোগ্যতা-আলীম পাস।
গ. সহকারি শিক্ষক ১ জন, গ্রেড-১৬, শিক্ষাগত যোগ্যতা- আলীম বিজ্ঞান/এইচ এস সি বিজ্ঞান।
ঘ. এবতেদায়ী ক্বারী শিক্ষক ১ জন, গ্রেড-১৬, শিক্ষাগত যোগ্যতা- দাখিল মুজাব্বিদ অথবা আলিম মুজাব্বিদ মাহির।
শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অনুর্ধ্ব বয়স ৩৫ বৎসর তবে সমপদে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরনীয়।

**১০. তহবিল:**

মাদ্রাসার নামে সংরক্ষিত তহবিল হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা যে কোন তফসিলি ব্যাংকের স্থায়ী আমানতের ব্যাংক সনদ/ এফডিআর মূল/সত্যায়িত কপি ও হাল সময়ের ব্যাংক প্রত্যয়নপত্র এবং সাধারণ তহবিল হিসেবে ১০,০০০/- (দশ হাজার মাত্র) টাকা ব্যাংক হিসেবে জমা স্থিতির হালনাগাদ প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

**১১. মাদ্রাসার নামকরণ:**

গ্রামের/এলাকার/স্থানীয় নামে অথবা সরকারের অনুমোদনক্রমে মহান ব্যক্তি বা অন্য কোন ব্যক্তির নামে মাদ্রাসার নামকরণ করা যাবে। মহান ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে নামকরণের ক্ষেত্রে কোন অর্থ প্রদান করতে হবে না। তবে অন্য কোন ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে মাদ্রাসার তহবিলে মফস্বল এলাকায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পৌর/শহর এলাকায় ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এবং মহানগর এলাকার জন্য ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা নগদ জমা করতে হবে এবং নগদ জমার ব্যাংক প্রত্যয়নপত্র জমা দিতে হবে। যুদ্ধাপরাধী/ মানবতা বিরোধী কোন কর্মকান্ডে জড়িত কোন ব্যক্তির নামে নামকরণ করা যাবে না।

**১২. শিক্ষাক্রম ও পাঠ্যসূচি:**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত সিলেবাস/পাঠ্যপুস্তক অনুযায়ী পাঠদান করতে হবে এবং সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করতে হবে।

**১৩. সহশিক্ষাক্রম কার্যক্রম:**

সকল জাতীয় ও ইসলাম ধর্মীয় দিবসসমূহ এবং সরকার নির্ধারিত যে কোন অনুষ্ঠান, কেরাত, হামদ, নাত প্রতিযোগিতা, বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি চর্চা, বৃক্ষরোপন, কাব দল, পরিষ্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম পরিচালনা করতে হবে।



সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আঃ খালেক মিঞা
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কবির আল্ আসাদ
উপসচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

রওনক মাহমুদ
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**১৪. মাদ্রাসা ব্যবস্থাপনা:**

(ক) প্রত্যেক এবতেদায়ী মাদ্রাসার জন্য উপজেলা/থানা শিক্ষা কমিটি কর্তৃক অনুমোদিত একটি ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটি থাকবে। কমিটির রূপরেখা/প্রক্রিয়া পরিশিষ্ট (ক) সংযুক্ত করা হলো। পরিশিষ্ট (ক) এর আলোকে ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটি গঠনের ৫ (পাঁচ) দিনের মধ্যে মফস্বল/শহর/পৌর এলাকায় অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং মহানগর এলাকায় অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করতে হবে। উপজেলা/থানা শিক্ষা কমিটি উক্ত প্রস্তাব পাওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিটি অনুমোদন বা অন্য কোন সিদ্ধান্ত প্রদানপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে। কমিটির মেয়াদ হবে অনুমোদনের তারিখ থেকে ২(দুই) বছর।
(খ) দায়িত্বপালনে অযোগ্যতা বা গুরুতর অনিয়মের কারণে উপজেলা/থানা শিক্ষা কমিটি যথাযথ তদন্তক্রমে ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটি ভেঙ্গে দিতে পারবে। এরূপ ক্ষেত্রে বা নির্ধারিত সময় সীমার মধ্যে নিয়মিত কমিটি গঠনে ব্যর্থ হলে উপজেলা/থানা শিক্ষা কমিটি সর্বোচ্চ ০৬ (ছয়) মাস সময়কালের জন্য পরিশিষ্ট (খ) অনুযায়ী এডহক কমিটি গঠন করবে।
(গ)ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটি /এডহক কমিটির মেয়াদ শেষ হওয়ার ৭৫ (পঁচাত্তর) দিন পূর্বে এবতেদায়ী প্রধান উপজেলা/থানা শিক্ষা কমিটির সভাপতির অনুমোদন নিয়ে নতুন ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়া শুরু করবেন এবং মেয়াদ শেষের ৩৫ (পঁয়ত্রিশ) দিন পূর্বে কমিটি গঠন সম্পন্ন করে অনুমোদনের জন্য সভাপতির নিকট প্রেরণ করবেন।

**১৫. স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা অনুমোদন:**

সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবতেদায়ী মাদ্রাসা পাঠদানের অনুমতি এবং একাডেমিক স্বীকৃতি প্রদানের দায়িত্ব পালন করবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্মকর্তা (আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাসহ) বা স্থানীয় প্রশাসনের মাধ্যমে তদন্তক্রমে এবতেদায়ী মাদ্রাসার পাঠদানের অনুমোদন দেয়া হবে। শর্তপূরণ সাপেক্ষে পাঠদানের অনুমোদনের ০২(দুই) বছর শেষে একাডেমিক স্বীকৃতির আবেদন করা যাবে। একাডেমিক স্বীকৃতি পাওয়ার তিন বছর পর শিক্ষক/কর্মচারিগণের বেতন-ভাতাদি/অনুদান পাওয়ার আবেদন করতে পারবে। পাঠদানের অনুমতির ০৪(চার) বছরের মধ্যে একাডেমিক স্বীকৃতি না পেলে পাঠদানের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। একাডেমিক স্বীকৃতি প্রতি ০৫ (পাঁচ) বছর অন্তর নির্ধারিত ফি প্রদান, অনুচ্ছেদ ০৮ এর শর্তসহ অন্যান্য শর্ত পূরণ হওয়া সাপেক্ষে নবায়ন করা যাবে। কোন শর্তের ব্যত্যয় হলে মাদ্রাসা শিক্ষা বোর্ড তদন্তক্রমে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে পাঠদানের অনুমতি ও একাডেমিক স্বীকৃতি বাতিল করতে পারবে।

**১৬. শিক্ষক/কর্মচারি নিয়োগ:**

(ক) ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটির সভাপতি নিয়োগ কমিটি কর্তৃক নির্বাচিত এবতেদায়ী প্রধান শিক্ষককে নিয়োগপত্র প্রদান করবেন। এবতেদায়ী প্রধান শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক নির্বাচিত অন্যান্য শিক্ষক/কর্মচারির নিয়োগপত্র প্রদান করবেন। নিয়োগকৃতদের শিক্ষাগত যোগ্যতার সনদ, নিয়োগপত্র, যোগদানপত্র, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর সত্যায়িত কপি, ছবি, এবং তালিকা মাদ্রাসা স্থাপনের আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) অনুদানপ্রাপ্ত এবতেদায়ী মাদ্রাসার শুন্যপদ ০৫ (পাচ) বছরে নিয়োগ করা হবে।

(গ) শিক্ষকদের মধ্য কমপক্ষে ০২ (দুইজন) মহিলা শিক্ষিকা থাকতে হবে।

(ঘ) নিয়োগকৃত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষনের ব্যবস্থা নেয়া হবে।

**১৭. উপজেলা/থানা এবতেদায়ী মাদ্রাসা শিক্ষা কমিটি:**

মাদ্রাসা ম্যানেজিং/অর্গানাইজিং কমিটির অনুমোদন, মাদ্রাসা স্থাপন, পাঠদানের অনুমতি, একাডেমিক স্বীকৃতি, মাদ্রাসা পরিদর্শন ও লেখাপড়ার মানোন্নয়ন, বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ, উপবৃত্তি প্রদান বিষয়ে তদারকি, বেতন-ভাতাদি/অনুদান প্রাপ্তির সুপারিশসহ সার্বিক দায়িত্ব পালনের জন্য নিম্নরূপে ০৫ সদস্য বিশিষ্ট একটি উপজেলা/থানা এবতেদায়ী মাদ্রাসা শিক্ষা কমিটি থাকবে।

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

কবির আল্ আসাদ
উপসচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

এনামুল হক

রওনক মাহমুদ
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:**

| | |
|---|---|
| ক.উপজেলা নির্বাহী অফিসার (মহানগর এলাকার জন্য জেলা শিক্ষা অফিসার) | সভাপতি |
| খ.উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |
| গ.উপজেলা/ থানা এলাকার এমপিওভুক্ত এবতেদায়ী মাদ্রাসার প্রধান/ মাদ্রাসার সুপার/ অধ্যক্ষ (শিক্ষা কমিটির সভাপতি কর্তৃক মনোনীত) | ১ জন সদস্য |
| ঘ.স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি (শিক্ষা কমিটির সভাপতি কর্তৃক মনোনীত) | ১ জন সদস্য |
| ঙ.স্থানীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত শিক্ষানুরাগী ব্যক্তি | ১ জন সদস্য |

**১৮. শিক্ষক/কর্মচারি নিয়োগ কমিটি:**

এবতেদায়ী মাদ্রাসা শিক্ষক/কর্মচারি নিয়োগের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে নিম্নে বর্ণিত ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি থাকবে। কমিটি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে শিক্ষক/কর্মচারি নিয়োগ করবেন এবং নিয়োগের জন্য মাদ্রাসার ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটিকে সুপারিশ করবেন। মাদ্রাসার ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটি সুপারিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে নির্বাচিত প্রার্থীকে শিক্ষক হিসেবে নিয়োগপত্র প্রদানের ব্যবস্থা করবেন।

ক. **কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার/মহানগর এলাকার জন্য জেলা শিক্ষা অফিসার | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট এবতেদায়ী মাদ্রাসার প্রধান শিক্ষক | সদস্য সচিব |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৪. | উপজেলা/থানা এলাকার এমপিওভুক্ত এবতেদায়ী মাদ্রাসা প্রধান শিক্ষক /মাদ্রাসার সুপার/অধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি | সদস্য |

উল্লেখ্য যে, এবতেদায়ী প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে উপজেলা /থানা মাধ্যমিক শিক্ষা অফিসার সদস্য সচিব থাকবেন।

**১৯. বেতন-ভাতাদি/অনুদান প্রদানকারী কর্তৃপক্ষ:** স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির ৩ বছর অতিবাহিত হলে এবং অন্যান্য শর্তাদিপূরণ সাপেক্ষে সরকারের পূর্বানুমোদন নিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর শিক্ষক কর্মচারিকে বেতন-ভাতাদি/অনুদান প্রদানের সিদ্ধান্ত প্রদান করতে পারবে।

**২০। পাঠদানের অনুমতি, একাডেমিক স্বীকৃতি এবং বেতন-ভাতাদি/অনুদান পাওয়ার আবেদন:**

ক. শিক্ষক কর্মচারির বেতন-ভাতাদি পাওয়ার জন্য মফস্বল/পৌর/শহর এলাকার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং মহানগর শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারের এর মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করতে হবে।

খ. পাঠদানের অনুমতি, একাডেমিক স্বীকৃতি প্রদান এবং শিক্ষক/কর্মচারির বেতন-ভাতাদি/অনুদান প্রদানের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয় এর অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (মাদ্রাসা) কে আহবায়ক করে একটি নিম্নরূপভাবে একটি কমিটি থাকবে। কমিটি এ নীতিমালা এবং বাজেট বরাদ্দের আলোকে পাঠদানের অনুমতি, একাডেমিক স্বীকৃতি প্রদান এবং শিক্ষক/কর্মচারির বেতন-ভাতাদি/অনুদান প্রদানের জন্য সরকারের নিকট সুপারিশ করবে।

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - আহবায়ক |
| (২) মহাপরিচালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | - সদস্য |
| (৩) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড | - সদস্য |
| (৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, অডিট ও আইন শাখার প্রতিনিধি | - সদস্য |
| (৫) যুগ্ম-সচিব/উপসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - সদস্য-সচিব |

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আল্ আসাদ
উপসচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

রওনক মাহমুদ
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

গ. সরকারের অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার পাঠদানের অনুমতি ও একাডেমিক স্বীকৃতি আদেশ জারি করবে এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর শিক্ষক/কর্মচারির বেতন-ভাতাদি/অনুদান প্রদানের আদেশ জারি করবে এবং অর্থ ছাড় করবে।

**ঘ.** অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন করা, ভূয়া বা জাল কাগজপত্র দাখিল, প্রাপ্যতা না থাকা সত্ত্বেও আবেদনপত্র প্রেরণ করার কারণে বেতন-ভাতাদি'র সরকারি অংশ ছাড়করণে অনিয়মের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/শিক্ষক-কর্মচারী/প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বা গভর্ণিং বডি দায়ী থাকবে এবং তাদের বিরুদ্ধে যথোপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। **একাডেমিক স্বীকৃতি, বেতন-ভাতাদি/অনুদান স্থগিত, কর্তন ও বাতিলকরণ :**

ক. এ নীতিমালার ৮নং অনুচ্ছেদে বর্ণিত আবশ্যকীয় শর্ত পূরণ না করলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড যথাযথ তদন্তক্রমে অনুমোদনপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি সাময়িক বা স্থায়ীভাবে স্থগিত/বাতিল করতে পারবে।

খ. এ নীতিমালার ৮নং অনুচ্ছেদে বর্ণিত আবশ্যকীয় শর্ত পূরণ না করলে বা প্রতিষ্ঠানের বেতন-ভাতাদি/অনুদান প্রদানের শর্তভঙ্গ প্রমাণিত হলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার বেতন-ভাতাদি/অনুদান সাময়িক বা স্থায়ীভাবে স্থগিত/বাতিল করতে পারবে।

২২। **পাঠদানের অনুমতি, একাডেমিক স্বীকৃতি, বেতন-ভাতাদি/অনুদান পুনর্বহাল :**

ক. সকল শর্তাদি পূরণ সাপেক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমোদন নিয়ে বাতিলকৃত পাঠদানের অনুমতি, একাডেমিক স্বীকৃতি, **বেতন-ভাতাদি/অনুদান পুনর্বহাল করা যাবে;**

খ. স্থগিতকৃত/বাতিলকৃত সময়ের বেতন-ভাতাদি/অনুদানের অংশের কোন বকেয়া প্রদান করা হবে না।

গ. প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদি/অনুদান উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

২৩। ভৌগোলিক দুরত্ব ভিত্তিক ম্যাপিং;

বর্তমানে অনুমোদিত সকল মাদ্রাসার ভৌগোলিক দূরত্বভিত্তক ম্যাপিং করা হবে। ম্যাপিং অনুযায়ী একই ভৌগোলিক দূরত্বে একাধিক শিক্ষা প্রতিষ্ঠান থাকলে তা প্রশাসনিকভাবে একিভূত করা হবে (পূর্ববর্তী একাধিক মাদ্রাসার ভবন/কাঠামো একিভূত মাদ্রাসার বিভিন্ন ক্যাম্পাস হিসেবে বিবেচিত হবে)।

২৪। **নীতিমালার কার্যকারিতা:** এ নীতিমালা নিম্নরূপভাবে কার্যকর হবে;

(ক) এ নীতিমালা অন্য কোন নীতিমালার সাথে সাংঘর্ষিক হলে সে বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নিস্পত্তি হবে। এ নীতিমালার কোন ব্যাখ্যার প্রয়োজন হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা চূড়ান্ত বলে গন্য হবে;

(খ) এ নীতিমালা জারির পূর্বে বেতন-ভাতাদি/অনুদান প্রাপ্ত শিক্ষকদের বেতন-ভাতাদি/অনুদান প্রদান অব্যাহত থাকবে;

(গ) সরকার জনস্বার্থে এ নীতিমালার প্রয়োজনীয় সংশোধন করতে পারবে;

(ঘ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের যে কোন সিদ্ধান্ত/পরিপত্র এ নীতিমালার অংশ হিসেবে গণ্য হবে;

(ঙ) এ নীতিমালা কোন স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার বেতন-ভাতা/অনুদানের সরকারি অংশ পাওয়া নিশ্চিত করেনা;

(চ) এ নীতিমালা জারীর দিন হতে কার্যকর হবে;

(ছ) এ নীতিমালা কার্যকর হওয়ার প্রাক্কালে কোন কার্যক্রম চলমান থাকলে তা যথারীতি পূর্বের প্রজ্ঞাপন অনুযায়ী নিষ্পন্ন করা হবে।

২৫। **রহিতকরণ ও হেফাজত:** এ নীতিমালা কার্যকর হওয়ার পূর্বে এ নীতিমালায় উল্লিখিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বা ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন দপ্তর/সংস্থা হতে জারিকৃত এতদসংক্রান্ত সকল আদেশ ও নির্দেশনার সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলে গন্য হবে।

১৮.১১.২০১৮

মো: আলমগীর
সচিব



সৈয়দ আসগর আলী
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

মোঃ আঃ খালেক মিঞা
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কবির আল্ আসাদ
উপসচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

রওনক মাহমুদ
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

বিতরণ:

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,/মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন)/কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪। যুগ্ম-সচিব (প্রশাসন/মাদ্রাসা/কারিগরি),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর।
৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক, কারিগরি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৯। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
১০। পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
১১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড, আগারগাও, ঢাকা।
১৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এন, সি, টি, বি), মতিঝিল, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী বাংক/অগ্রনী ব্যাংক/ জনতা ব্যাংক/রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
১৫। জেলা প্রশাসক, ----------------------------------------------------- (সকল)।
১৬। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা -------------------------------(সকল)।
১৮। জেলা শিক্ষা অফিসার সকল---------------------------(সকল)
১৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস তেজগাও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্তসংখ্যায় প্রকাশপূবর্ক প্রকাশিত গেজেটের ৩০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।
২০। প্রোগ্রামার , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

নং শিম/শা-/এম.পি.ও. নীতিমালা সংশোধন/-- ৫৭.০০.০০০০.০৮৫.০২.০০৭.১৫.৪১৮ তারিখ: ১৮/১১/২০১৮ খ্রি:

অবগতির জন্য অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রধান মন্ত্রীর উপদেষ্টা (শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনীতিবিষয়ক) এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাও,ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৪। মাননীয় চেয়ারম্যান, জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কীত স্থায়ী কমিটির এর একান্ত সচিব, রুম নং ৭৬৫, রোড-৭, নর্থ ওয়েষ্ট ব্লক, জাতীয় সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি।

১৮/১১/২০১৮

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
ফোন: ৯৫৪৯৩৯৬

১৮/১১/২০১৮
সৈয়দ আসগর আলী
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ ... মিঞা
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কবির আল্ আসাদ
উপসচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

মোঃ এনামুল হক
যুগ্মসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

রওনক মাহমুদ
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**পরিশিষ্ট (ক) স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার ম্যানেজিং/অর্গানাইজিং কমিটির রূপরেখা:**

স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা সুষ্ঠুভাবে পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য একটি সক্রিয় ম্যানেজিং/অর্গানাইজিং কমিটি গঠন করতে হবে। এবতেদায়ী মাদ্রাসা শিক্ষা কমিটি থেকে এর অনুমোদন নিয়ে কমিটি গঠন করতে হবে। কমিটির মেয়াদ হবে প্রথম সভা হতে ০২ (দুই) বছর। এবতেদায়ী মাদ্রাসার ম্যানেজিং কমিটি নিম্নোক্ত সদস্য সমন্বয়ে গঠিত হবে:

| | | |
|---|---|---|
| ১. | প্রতিষ্ঠাতা সদস্য: প্রতিষ্ঠাতা সদস্য একাধিক হলে ঐক্যমতের/ ভোটের মাধ্যমে নির্বাচিত | ১ জন |
| ২. | সদস্য সচিব: এবতেদায়ী মাদ্রাসা প্রধান পদাধিকার বলে | ১ জন |
| ৩. | দাতা সদস্য: দাতা সদস্য একাধিক হলে সকল দাতার ঐক্যমতের/ভোটের মাধ্যমে নির্বাচিত | ১ জন |
| ৪. | ছাত্র/ছাত্রী অভিভাবক: ১ম থেকে ৪র্থ শ্রেণির ছাত্র ও ছাত্রী অভিভাবক সদস্যদের মধ্য থেকে ঐক্যমতের/ভোটের মাধ্যমে নির্বাচিত (কমপক্ষে ০১ (এক) জন মহিলা হতে হবে) | ২ জন |
| ৫. | শিক্ষক প্রতিনিধি: শিক্ষকদের ঐক্যমতের/ভোটের মাধ্যমে নির্বাচিত | ১ জন |
| ৬. | নিকটতম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক | ১ জন |
| | | মোট = ০৭ জন |

সদস্যদের মধ্য হতে তারা আলোচনা/ নির্বাচনের মাধ্যমে ০১ (এক) জনকে সভাপতি নির্বাচন করবে।

ক. **প্রতিষ্ঠাতা সদস্য:** প্রতিষ্ঠাতা এমন ব্যক্তি হবেন যিনি মাদ্রাসা প্রতিষ্ঠালগ্নে নগদ সংশ্লিষ্ট মাদ্রাসায় অন্তত: ১,০০,০০০/- (এক লক্ষ মাত্র) টাকা দান করেন/ অথবা যিনি মাদ্রাসা প্রতিষ্ঠার জন্য স্থানীয়ভাবে সমমূল্যের ভূমি দান করেন। প্রতিষ্ঠাতাগণ আজীবন ভোটার থাকবেন এবং প্রতিষ্ঠাতা প্রতিনিধি হিসেবে কমিটির সদস্য পদের জন্য নির্বাচন প্রার্থী হওয়ার যোগ্য হবেন। কোন প্রতিষ্ঠাতা মৃত্যুবরণ করলে তাঁর বৈধ ওয়ারিশগণের মধ্য হতে তাঁদের মনোনীত মতে ০১ (এক) জন প্রতিষ্ঠাতা সদস্য হতে পারবেন।

খ. **দাতা সদস্য:** এবতেদায়ী মাদ্রাসায় একসঙ্গে অন্তত: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) টাকার নগদ অর্থ/ আসবাবপত্র/ ভৌত অবকাঠামো নির্মাণ সামগ্রী দান করলে যে কোন ব্যক্তি দাতা গণ্য হবেন ও আজীবন ভোটার থাকবেন এবং কোন ব্যক্তি নির্বাচনের অন্তত: ছয় মাস পূর্বে নুনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) টাকা দান করলেও তিনি দাতা সদস্য গণ্য হবেন। তিনি ঐ নির্বাচনে ভোটার হবেন এবং নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে পারবেন।

গ. **এবতেদায়ী মাদ্রাসার ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটির দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলি:**

১. মান সম্পন্ন লেখাপড়া নিশ্চিত করবেন।
২. পরিশিষ্ট ক মোতাবেক ৭ সদস্য বিশিষ্ট একটি ম্যানেজিং কমিটি ০২(দুই) বছর মেয়াদের জন্য গঠন করতে হবে।
৩. নূন্যতম ০৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।
৪. সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে যাবতীয় আর্থিক কার্যাবলি সম্পাদিত হবে।
৫. শিক্ষক, ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক মান সম্পন্ন টয়লেট, বিশুদ্ধ পানির ব্যবস্থা থাকতে হবে।
৬. মাদ্রাসার জন্য প্রয়োজনীয় ভবনের ব্যবস্থা করবেন এবং সুযোগ থাকলে বৈদ্যুতিক সংযোগসহ বাতি ও পাখার ব্যবস্থা করবেন।
৭. সরকার ও শিক্ষা বোর্ড প্রদত্ত সকল দায়িত্ব ও কর্তব্য পালন।

ঘ. **সভাপতির দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলি:**

১. সদস্য সচিবের সাথে আলোচনা করে সভার তারিখ ও আলোচ্যসূচি নির্ধারণ করবেন।
২. সভায় সভাপতিত্ব করবেন।
৩. সভার সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করবেন।
৪. শিক্ষার পরিবেশ উন্নয়নে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকের সাথে প্রয়োজনে আলোচনা সভার আয়োজন করবেন।



সৈয়দ আসগর আলী
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আঃ খালেক মিঞা
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কবির আল্ আসাদ
উপসচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

রওনক মাহমুদ
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

ঙ. **সদস্য সচিব এর দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলি:**

১. সভাপতির সাথে আলোচনাক্রমে আলোচ্যসূচী নির্ধারণ করে কমিটির সভা আহ্বান করবেন।
২. সভার কার্যবিবরণী লিপিবদ্ধ ও সংরক্ষণ করবেন।
৩. সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন।
৪. মাদ্রাসার স্থাবর অস্থাবর সম্পদের হিসাব সংরক্ষণ করবেন।
৫. মাদ্রাসার উন্নয়ন, শিক্ষার মান উন্নয়ন কার্যক্রম গ্রহণ করবেন।
৬. মাদ্রাসার যাবতীয় আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করবেন।
৭. শিক্ষকদের সাথে আলোচনা করে একাডেমিক কার্যক্রম পরিচালনা করবেন।
৮. সময় সময়ে সরকার কর্তৃক চাহিত রিপোর্ট রিটার্ন প্রদান করবেন।
৯. কমিটি সংক্রান্ত কোন বিষয় উদ্ভব হলে উপজেলা শিক্ষা কমিটিকে অবহিত করবেন।

চ. **কমিটি বিলুপ্তি ও সদস্য পদ বাতিল:**

১. কমিটির সভাপতি/সদস্য সচিব/সদস্য মাদ্রাসার স্বার্থ পরিপন্থি কোন কর্মকান্ডে লিপ্ত হলে;
২. কোন ফৌজদারী অপরাধে দন্ড প্রাপ্ত হলে;
৩. দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার, অযোগ্য প্রমাণিত হলে;
৪. সদস্যপদ/ কমিটি বাতিল/ বিলুপ্ত করতে হলে কমপক্ষে ৩০ দিনের কারণ দর্শানোর নোটিশ দিতে হবে;
৫. রাষ্ট্র বিরোধী কোন কর্মকান্ডে জড়িত হলে।

**পরিশিষ্ট (খ) স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার এ্ডহক কমিটির রূপরেখা:**

১. সংশ্লিষ্ট ওয়ার্ডের সাধারণ সদস্য/কাউন্সিলর-আহবায়ক
২. অভিভাবক সদস্য ৩ জন (কমপক্ষে ১ জন মহিলা হতে হবে)-সদস্য
৩. এবতেদায়ী প্রধান শিক্ষক-সদস্য সচিব।

এডহক কমিটির দায়িত্বাবলী, ক্ষমতা, বিলুপ্তি এবং সদস্য পদ বাতিল ইত্যাদি ম্যানেজিং কমিটি/অর্গানাইজিং কমিটির অনুরুপ হবে। উপজেলা/থান শিক্ষা কমিটি প্রয়োজনে এডহক কমিটি বাতিল করে নতুন এডহক কমিটি গঠন করতে পারবে। প্রয়োজনে কোন সদস্য অপসারণ করে নতুন সদস্য অন্তর্ভূক্ত করতে পারবে।

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১/১১/১৮
মোঃ আঃ খালেক মিঞা
সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১/১১/১৮
কবির আল আসাদ
উপসচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

মোঃ এনামুল হক
যুগ্মসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

.১১/১১/১৮
রওনক মাহমুদ
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়